

স্মারক নং: ৫৭.০৩.০০০০.০১০.৪০.০০৫.২৪- ৩২০


তারিখ : ৩০ নভেম্বর, ২০২৫ খ্রি.

সময় বর্ধিতকরণ সংক্রান্ত বিজ্ঞপ্তি

বিষয়ঃ ২০২৫-২৬ অর্থবছরের উপবৃত্তি প্রদানের নিমিত্ত নতুন শিক্ষার্থীদের তথ্য এন্ট্রি (প্রযোজ্য ক্ষেত্রে) এবং বিদ্যমান শিক্ষার্থীদের তথ্য আপডেট এর সময় বৃদ্ধি।

কারিগরি শিক্ষা অধিদপ্তরের স্মারক নম্বর ৫৭.০৩.০০০০.০১০.৪০.০০৫.২৪-৩২০; ২৯ অক্টোবর ২০২৫ তারিখে প্রকাশিত বিজ্ঞপ্তিতে ২০২৪-২৫ অর্থবছরের বরাদ্দ হতে ২০২৫ শিক্ষাবর্ষের প্রি-ভোকেশনাল (৬ষ্ঠ-৮ম শ্রেণি), এসএসসি (ভোকেশনাল) /দাখিল (ভোকেশনাল) (৯ম-১০ম শ্রেণি), এইচএসসি ভোকেশনাল/বিএমটি (একাদশ-দ্বাদশ শ্রেণি), চার বছর মেয়াদী ডিপ্লোমা ১ম পর্ব (২০২৫-২৬ শিক্ষাবর্ষ), ২য় পর্ব (২০২৪-২৫ শিক্ষাবর্ষ), ৪র্থ পর্ব (২০২৩-২৪ শিক্ষাবর্ষ), ৬ষ্ঠ পর্ব (২০২২-২৩ শিক্ষাবর্ষ) এবং ৮ম পর্ব (২০২১-২২ শিক্ষাবর্ষ) এর উপবৃত্তি প্রদানের নিমিত্ত নতুন শিক্ষার্থীদের তথ্য এন্ট্রি (প্রযোজ্য ক্ষেত্রে) এবং বিদ্যমান শিক্ষার্থীদের তথ্য আপডেট করার নির্দেশনা দেওয়া হয়। পূর্বের বিজ্ঞপ্তিতে উল্লেখিত সময়সূচী পরিবর্তনপূর্বক নিম্নোক্ত নির্দেশনা অনুযায়ী সম্পন্ন করার জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো:

ক্রমিক নং	কার্যক্রম গ্রহণের তারিখ	কার্যক্রম
০১	১০/১১/২০২৫ খ্রি. হতে ১০/১২/২০২৫ খ্রি.	নতুন শিক্ষার্থীদের তথ্য এন্ট্রি (প্রযোজ্য ক্ষেত্রে) করে আঞ্চলিক কার্যালয়ে প্রেরণ এবং বিদ্যমান শিক্ষার্থীদের তথ্য আপডেট সম্পন্ন করণ
০২	১১/১২/২০২৫ খ্রি. হতে ১৮/১২/২০২৫ খ্রি.	শিক্ষা প্রতিষ্ঠান থেকে DTE Stipend MIS এর মাধ্যমে প্রাপ্ত তথ্য আঞ্চলিক পরিচালকের কার্যালয় হতে যাচাই বাছাইপূর্বক রেজুলেশনসহ মহাপরিচালক বরাবর প্রেরণ।



(প্রকৌ. শেখ মোহাম্মদ তরিকুল ইসলাম)
ভারপ্রাপ্ত কর্মকর্তা (উপবৃত্তি সেল)
(অধ্যক্ষ, সরকারি টেকনিক্যাল স্কুল ও কলেজ)

অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে অনুলিপি প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়) :

- ১। পরিচালক (পিআইডব্লিউ/ভোকেশনাল/ পরিকল্পনা ও উন্নয়ন/ প্রশাসন/ পিআইইউ), কারিগরি শিক্ষা অধিদপ্তর, ঢাকা-১২০৭;
- ২। চেয়ারম্যান, বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড, আগারগাঁও, শেরে বাংলা নগর, ঢাকা-১২০৭;
- ৩। পরিচালক, আঞ্চলিক পরিচালকের কার্যালয়, ঢাকা/চট্টগ্রাম/ রাজশাহী/বরিশাল/খুলনা/ময়মনসিংহ/সিলেট/রংপুর;
- ৪। সচিবের একান্ত সচিব, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা(সচিব মহোদয়ের সদ অবগতির জন্য);
- ৫। অধ্যক্ষ (সকল), পলিটেকনিক/মনোটেকনিক ইনস্টিটিউট;
- ৬। অধ্যক্ষ (সকল), সরকারি টেকনিক্যাল স্কুল অ্যান্ড কলেজ;
- ৭। সিস্টেম অ্যানালিস্ট, বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড, আগারগাঁও, ঢাকা (বিজ্ঞপ্তিটি বোর্ডের ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ);
- ৮। অধ্যক্ষ (সকল), বেসরকারি পলিটেকনিক ইনস্টিটিউট;
- ৯। অধ্যক্ষ (সকল), এইচএসসি (বিএমটি) শিক্ষাক্রম পরিচালনাকারী শিক্ষা প্রতিষ্ঠানসমূহ;
- ১০। প্রধান শিক্ষক/সুপারিনটেন্ডেন্ট (সকল), বেসরকারি সংযুক্ত/স্বতন্ত্র ভোকেশনাল স্কুল;
- ১১। ভারপ্রাপ্ত কর্মকর্তা, আইসিটি সেল, কারিগরি শিক্ষা অধিদপ্তর। (বিজ্ঞপ্তিটি অধিদপ্তরের ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ);
- ১২। মহাপরিচালকের ব্যক্তিগত কর্মকর্তা, কারিগরি শিক্ষা অধিদপ্তর (মহাপরিচালক মহোদয়ের অবগতির জন্য);
- ১৩। সংশ্লিষ্ট নথি।